PNL

# বার্তা

আমরা মানের কথা বলি

১ম সংখ্যা, এপ্রিল ২০১৭

একটি ত্রৈমাসিক প্রকাশনা




## ব্যবস্থাপনা পরিচালকের বাণী

পিএনএল হোল্ডিংস লিঃ এবং পেডরোলো এনকে লিঃ এর সৌজন্যে একটি ত্রৈমাসিক প্রকাশনা "বার্তা" প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এই উদ্যোগকে স্বাগত জানাই। আমি আশা করছি এই প্রকাশনা নিয়মিত প্রকাশ হবে; যার মাধ্যমে প্রতিষ্ঠানের বিভিন্ন সংবাদ, সেবা, অগ্রগতি, নতুন পণ্য, কার্যক্রম ইত্যাদি সম্পর্কে সবাই জানতে পারবেন। আমার গভীর কৃতজ্ঞতা আমাদের গ্রাহক, বন্ধু, শুভানুধ্যায়ীদের যারা সবসময় পাশে থেকে সহযোগিতা করেছেন, যার কারনে পেডরোলো দেশের সেরা পানির পাম্পের ব্র্যান্ড হিসেবে সবার আস্থা অর্জন করেছে। ভবিষ্যতেও আমরা এইভাবে মানসম্মত পণ্য এবং উন্নত সেবার মাধ্যমে গ্রাহকের আস্থা ধরে রাখতে পারবো বলে আশা করছি। সেই সাথে প্রতিষ্ঠানের সকল সদস্যদের আন্তরিক ধন্যবাদ যারা অক্লান্ত পরিশ্রম ও নিষ্ঠার সাথে প্রতিষ্ঠানের সাফল্যে অবদান রেখে যাচ্ছেন।



**নাদের খান**
ব্যবস্থাপনা পরিচালক

## আইএসও ৯০০১ সনদ অর্জন



DNV·GL

MANAGEMENT SYSTEM CERTIFICATE


Pedrollo nk Limited

ISO 9001:2008

IAF

২০১৬ সালের সেপ্টেম্বর মাসে পানির পাম্প বিক্রয় এবং সেবা প্রদানে কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম অনুসরণ করার প্রেক্ষিতে পেডরোলো এনকে লিমিটেডকে আইএসও ৯০০১ সনদ প্রদান করা হয়। এই সনদ কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেমের একটি আন্তর্জাতিক মানদন্ড যা গ্রাহকের প্রতি আন্তরিক সহায়তা, দক্ষ ব্যবস্থাপনা এবং গ্রাহকদের সামঞ্জস্যপূর্ণ গুণগত মানের পণ্য এবং পরিসেবার ক্রমাগত উন্নতির জন্য একটি স্বীকৃতি।

## অর্ডার ম্যানেজমেন্ট সিস্টেম সার্ভিস চালু





গ্রাহকদের পণ্য ক্রয় করার পদ্ধতিকে সহজ করার লক্ষ্যে পিএনএল হোল্ডিংস লিঃ সম্প্রতি ওএমস সিস্টেম চালু করেছে। এই পদ্ধতির মাধ্যমে গ্রাহক যেকোন সময় যেকোন জায়গা থেকে কম্পিউটার কিংবা মোবাইলের মাধ্যমে পিএনএল হোল্ডিংস লিঃ এর যে কোন পণ্য অর্ডার করতে পারবেন। অর্ডার সংক্রান্ত তথ্য এবং পণ্য প্রদানের সম্ভাব্য তারিখ গ্রাহকের মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হয়। বর্তমানে এই সফটওয়ারটি শুধুমাত্র পেডরোলো সেলস্ প্রতিনিধির জন্য চালু রয়েছে। গ্রাহদের চাহিদা অনুযায়ী ভবিষ্যতে সকলের জন্য এই সিস্টেম উন্মুক্ত করার পরিকল্পনা রয়েছে।

## পানির পাম্প চালানোর পরামর্শ

- ভোল্টেজ স্থিতিশীল থাকা অবস্থায় আপনার পাম্প চালান।
- বিকেল ৫টা হতে রাত ১১টা পর্যন্ত পিক আওয়ারে পানির পাম্প চালানো হতে বিরত থাকুন।
- পানির পাম্পের দীর্ঘস্থায়িত্ব এবং পুড়ে যাওয়া হতে রক্ষার জন্য Overload relay এবং Phase failure relay ব্যবহার করুন

# স্বয়ংক্রিয় পানির পাম্প নির্বাচনে সফটওয়্যার চালু




পাম্পের সর্বোচ্চ কার্যকারিতা ও দীর্ঘস্থায়িত্বের জন্য সঠিক পাম্প নির্বাচন অত্যন্ত জরুরী। প্রয়োজন ও অবস্থাভেদে সঠিক পাম্প বিদ্যুৎ সাশ্রয়সহ কম সময়ে পানি উত্তোলনের নিশ্চয়তা প্রদান করে এবং রক্ষণাবেক্ষণের ঝামেলা কমায়। প্রায়ই দেখা যায় একটি অসাধু চক্র ভুল তথ্য দিয়ে গ্রাহককে বিভ্রান্তিতে ফেলে প্রচুর মুনাফার লোভে ভুল পাম্প নির্বাচনে সহায়তা করে। গ্রাহকের বিভ্রান্তি কমাতে পিএনএল হোল্ডিংস লিঃ নিয়ে এসেছে পাম্প নির্বাচনের সফটওয়্যার। এর মাধ্যমে গ্রাহক অনলাইনে সুনির্দিষ্ট তথ্য পূরণ করে নিজেই উপযুক্ত পাম্প নির্বাচন করতে পারবেন। সফটওয়্যারটি খুব শীঘ্রই সবার জন্য উন্মুক্ত করা হবে।

# আপনার বাড়ি/ অফিস/ কারখানার পানির ট্যাংক কি নিরাপদ?



পানির ট্যাংক নিয়মিত পরিষ্কার না করলে ব্যাকটেরিয়া, বিভিন্ন জীবাণুতে আক্রান্ত হয় যা শরীরের জন্য ভীষণ ক্ষতিকর। তাই সুস্থ থাকতে পানির ট্যাংক নিয়মিত পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখা উচিত।

পিএনএল হোল্ডিংস লিঃ আন্তর্জাতিকভাবে স্বীকৃত ৫ ধাপ বিশিষ্ট পদ্ধতিতে অত্যাধুনিক যন্ত্রপাতি এবং দক্ষ জনবল নিয়ে "পিএনএল সার্ভিস কেয়ার সেন্টার" চালু করেছে। আপনার বাড়ী, অফিস, কারখানা ও মার্কেটের ওভারহেড ট্যাংক ও রিজার্ভ ট্যাংক দক্ষতার সাথে পরিষ্কার ও জীবাণুমুক্ত করাই মূল লক্ষ্য।

ট্যাংক পরিষ্কার, পাম্প অকার্যকারিতা, পানির সঠিক সঞ্চালন ও গতি নিয়ন্ত্রণ, বিকল্প পাম্প ব্যবহার, জেনারেটর সার্ভিসিং ইত্যাদি সেবা প্রদানে পিএনএল সার্ভিস কেয়ার সকাল ৯টা থেকে রাত ৯ টা পর্যন্ত নিয়োজিত। এই সেবা সম্পর্কে আপনার যাবতীয় প্রশ্ন/তথ্য জানতে হেল্প লাইন ১৬৩০৮ নাম্বারে যোগাযোগ করুন। স্বাস্থ্যসম্মত ও নিরবিচ্ছিন্ন পানি সরবরাহে পিএনএল সার্ভিস কেয়ার সর্বদাই সচেষ্ট।

# কন্ট্রোল বক্সের সুবিধাসমূহ



কন্ট্রোল বক্স পানির পাম্পের মোটরের দীর্ঘমেয়াদি সুরক্ষার জন্য ব্যবহার করা হয়। বৈদ্যুতিক অস্থিতিশীলতার সময়ে মোটরের নিরাপত্তায় কন্ট্রোল বক্স ব্যবহার করা উচিত। আমাদের কন্ট্রোল বক্সে রয়েছে পাম্পের মোটরের সুরক্ষায় ভুল রোটেশন, ফেজ ড্রপ এবং ভুল কানেকশন সহ এমন কিছু নিরাপদ বৈশিষ্ট্য যা আপনার পাম্পের মোটরকে বৈদ্যুতিক শর্ট সার্কিট, ওভারলোড, ড্রাই রান হতে রক্ষা করবে, নয়তো মোটর পুড়ে যেতে পারে।

# একটি ফোন কলেই সব সমাধান




কল সেন্টার নাম্বার ১৬৩০৮: পিএনএল হোল্ডিংস লিঃ এর যে কোন পণ্যের তথ্য, সার্ভিস, ডেলিভারি সহ যে কোন অভিযোগের জন্য আপনার মোবাইল থেকে আমাদের কল সেন্টারে ফোন করতে পারেন। কোম্পানি নির্বাহী কর্তৃক আপনার সমস্যা তদারক করে সমাধান করা হয়।

আমাদের পানি
amaderpani.org

আমাদের পানি ব্লগ পিএনএল হোল্ডিংস লিঃ এর একটি উদ্যোগ যেখানে বাংলাদেশ এবং আন্তর্জাতিক পানি সংক্রান্ত বিষয় নিয়ে আলোচনা করা হয়। বিশুদ্ধ পানির প্রয়োজনীয়তা, গুরুত্ব এবং সংকট মোকাবেলায় ভবিষ্যৎ প্রজন্মের মাঝে সচেতনতা সৃষ্টি করাই ব্লগের উদ্দেশ্য।




ইন্ডিয়া প্লাম্বিং কনফারেন্সে পেডরোলোর (ইন্ডিয়া) রানার্স-আপ পুরষ্কার অর্জন

২৫-২৬ নভেম্বর, ২০১৬ তে অনুষ্ঠিত ২২তম সর্বভারতীয় প্লাম্বিং কনফারেন্সে পেডরোলো পাম্পস প্রাইভেট লিঃ (ইন্ডিয়া) এর স্টলে গুণগত মানের পণ্য প্রদর্শন ও নান্দনিক ডেকোরেশনের জন্য রানার্স-আপ পুরষ্কার অর্জন করে।




ব্যাংকার আয়োজিত ক্রিকেট টুর্নামেন্টে পেডরোলোর পৃষ্ঠপোষকতা




ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা ২০১৭-এ পেডরোলোর অংশগ্রহণ



ঢাকার ফার্মগেটে নতুন শো-রুম চালু




বাংলাদেশ চা প্রদর্শনী ২০১৭ তে হালদা ভ্যালির অংশগ্রহণ




আর্কিটেক্টস ফোরাম অনুষ্ঠানে পেডরোলোর উপস্থিতি




বাংলাদেশ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ফোরাম হতে স্বীকৃতি গ্রহণ







## পেডরোলোর চ্যাম্পিয়ন স্কোয়াড সম্মেলন


কক্সবাজারের ওশেন প্যারাডাইজ হোটেলে সম্প্রতি পেডরোলো এনকে লিমিটেডের চ্যাম্পিয়ন স্কোয়াডদের নিয়ে একটি সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে সেলস চ্যাম্পিয়ন স্কোয়াডদের পুরস্কৃত করার পাশাপাশি গ্রাহকদের সর্বোচ্চ সেবা এবং সঠিক পানির পাম্প নির্বাচনের ওপর গুরুত্বারোপ করা হয়। এ সময় পেডরোলোর উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## উন্নত জাতের ড্রাগনওয়েল গ্রীন টি রপ্তানি

চট্টগ্রামের ফটিকছড়িতে অবস্থিত পিএনএল হোল্ডিংস লিঃ এর অঙ্গপ্রতিষ্ঠান হালদা ভ্যালি চা বাগানে একমাত্র আমরাই সর্বপ্রথম উন্নত মানের ড্রাগনওয়েল গ্রীন টি উৎপাদন শুরু করি। ২০১৬ সালে আমাদের উৎপাদিত গ্রীন টির মোট পরিমান ১,৪২৯ কেজি, যা বাংলাদেশ থেকে সর্বপ্রথম চীনে রপ্তানি করা হয়। ২০১৭ সালে আমাদের উৎপাদনের লক্ষ্যমাত্রা প্রায় ১০,০০০ কেজি। সম্পূর্ণ বাগানটি অত্যাধুনিক সেচ ব্যবস্থার মাধ্যমে পরিচালিত যা শতভাগ ক্লোন চা উৎপাদনে সক্ষম।

## চট্টগ্রামের সর্বোচ্চ ভবনে পানির পাম্প সরবরাহ





আগ্রাবাদে অবস্থিত ২৮ তলা বিশিষ্ট চট্টগ্রামের সর্বোচ্চ ভবন আজিজ কোর্টে ইতালির বিখ্যাত SAER ব্রান্ডের পাম্প স্থাপন করা হয়েছে। যা পিএনএল হোল্ডিংস লিঃ কর্তৃক সরবরাহ করা হয়। সঠিক ভাবে পাম্প স্থাপনের জন্য পিএনএল হোল্ডিংস লিঃ এর সার্ভিস ইঞ্জিনিয়াররা যাবতীয় দিক নির্দেশনা দিয়ে সহযোগিতা করেছেন। ভবন কর্তৃপক্ষ সার্বিক সহযোগিতা এবং পাম্পের গুণগত মানে সন্তোষ প্রকাশ করেছে।



## নতুন পণ্য: টপ মাল্টি ২ পাম্প

গ্রাহকদের প্রয়োজনে পেডরোলো সবসময়ই অত্যাধুনিক এবং উদ্ভাবনী পণ্য বাজারে নিয়ে এসেছে - যার ধারাবাহিকতায় পেডরোলো এনকে লিমিটেড দেশের বাজারে নিয়ে এলো নতুন “টপ মাল্টি সাবমার্সিবল মাল্টি-ইমপেলার পাম্প”। যার মাধ্যমে একসাথে অনেক সুবিধা পাওয়া যায়। কম বিদ্যুৎ খরচে রিজার্ভ ট্যাংক থেকে ওভারহেড ট্যাংকে সহজে পানি উঠানো যায়। এই পাম্প শব্দহীন, বিদ্যুৎ খরচ কম এবং স্বয়ংক্রিয়ভাবে চালু/বন্ধ করার সুবিধা রয়েছে। ট্যাংকের ভেতরে এই পাম্প স্থাপন করা হয় বিধায় অতিরিক্ত জায়গা প্রয়োজন হয়না, ফলে চুরির ভয় নেই। এই পাম্পের প্রাইমিং এর প্রয়োজন হয়না এবং মিনিটে সর্বোচ্চ ৮০ লিটার পানি তুলতে সক্ষম। দুই বছরের ওয়ারেন্টি সহ এই পাম্পের বর্তমান মূল্য ১৫,০০০ টাকা মাত্র।

পিএনএল হোল্ডিংস লিমিটেড একটি প্রধান ব্যবসা প্রতিষ্ঠান যা পেডরোলো এনকে লিমিটেড সহ ট্রেডিং, প্লান্টেশন ও অন্যান্য ব্যবসায়ের তত্ত্বাবধান করে।

PEDROLLO SAER BGFLOW HCP ttap Halda Valley (BLACK TEA · GREEN TEA) Halda Fisheries